রঘুনাথগঞ্জ শাখার
শুভ উদ্বোধন উপলক্ষে
মাত্র ৭৫৲ টাকায় রেডিও

বাকী টাকা কিস্তিতে দেয়

ইলেকট্রনিকের সকল রকম
ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের
১৫ই অক্টোবর পর্য্যন্ত
১০৲ টাকা হইতে ৩০৲ টাকা পর্য্যন্ত
বিশেষ কনশেসন
ধনরাজ পিপাড়া
রঘুনাথগঞ্জ (সদরঘাট), মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ
সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৮ই আশ্বিন বুধবার, ১৩৭৩ ইং 5th Oct. 1966 { ২০শ সংখ্যা।


সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ
এই কেরোসিন কুকারটির অভিনব ধরনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও পড়বে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।


খাস জনতা
কেরোসিন কুকার
প্রস্তুতকারক
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

সাইকেল ও সাইকেল পার্টস এর
নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান
সুলভ ভাণ্ডার
রঘুনাথগঞ্জ চাউলপটী।

স্টুডেন্টস ফেভারিট
স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

১৮ই আশ্বিন বুধবার সন ১৩৭৩ সাল।

# দেশনেতা

—•—

ভারতবর্ষের স্বাধীনতা উনবিংশ বর্ষে পদার্পণ করিয়াছে। স্বাধীন হইয়াছে খণ্ডিত ভারতবর্ষ। স্বাধীনতা লাভ করিয়াছে অগণিত রাজনৈতিক দল। এক দৃষ্টিতে আমরা ইহাকে রাজনৈতিক স্বাধীনতা আখ্যা দিব। পরাধীনতার নিগড় ভাঙ্গিয়া ভারতবর্ষের বীর বিপ্লবী সন্তানগণ যে স্বাধীনতা আনিতে চাহিয়াছিলেন, তাহা ছিল এক সমৃদ্ধ ভারত গঠনের প্রয়াস। শত শত বৎসর পরাধীনতার নিপীড়নে জর্জরিত এই ভারতের মানুষ যখন দিক দিগন্তে স্বাধীনতার নেশায় উদ্বেলিত হইয়া ঝাঁকে ঝাঁকে প্রাণ বলিদান দিতেছিল—এই রক্তক্ষয়ী সংগ্রাম যখন ভারতের সমুদ্র ও পর্ব্বতের আবেষ্টনী ছাড়িয়া দূর দেশ দেশান্তরে সাড়া জাগাইয়াছিল, তৎকালীন বিপ্লবী নেতাদের মতে যখন স্বাধীনতা তাদের করায়ত্ত প্রায় ঠিক সেই সময় ভারতীয় জাতীয় কংগ্রেসের নেতৃত্ব অহিংসনীতির জনক গান্ধীজীর হস্তে গিয়া পড়িল। ভারতের মহান্ ঐক্যে পচন শুরু হইল। সাম্প্রদায়িকতা ভারতকে দ্বি-খণ্ডিত করিল। ইংরাজের কারা প্রাচীরের অন্তরালে বসিয়া সেদিনের প্রফেসন্যাল নেতারা দল গঠনে মনোনিবেশ করিলেন। ইহাদের সম্মিলিত প্রয়াস দেশের সশস্ত্র বিপ্লবের কণ্ঠ চাপিয়া ধরিল। দেশের অগণিত জনসাধারণকে ইহারা আপন আপন দলে ভাগ বাঁটোয়ারা করিয়া লইলেন। সেদিন যাহারা আত্ম প্রকাশ করিয়াছিলেন তাহাদের সংখ্যা ছিল নগণ্য। স্বাধীনতার মওকা আসিল—দেশ দরদীর নানা দল রাজনৈতিকদলের কর্তা সাজিয়া পায়ে পায়ে আগাইয়া আসিলেন। অশিক্ষিত এই বিরাট জনারণ্যে ইহারা আপন আপন দলীয় নীতির সমর্থন খুঁজিয়া পাইলেন। বলা বাহুল্য সশস্ত্র বিপ্লব ভারতকে স্বাধীনতার তোরণদ্বারে পৌঁছাইয়া দিয়া নিঃশেষ হইয়াছিল। কাজেই প্রফেসন্যাল এই নেতৃকুলের আখের গুছাইতে কিছুমাত্র অসুবিধা হইল না।

কর্ণধারগণ! অস্বীকার করিতে পার কি, এদেশটার স্বাধীনতার জন্য তোমরা কিছুই কর নাই? সুযোগ বুঝিয়া সম্মিলিত প্রয়াসে এই বিরাট উপ মহাদেশের কোটি কোটি জনসাধারণকে তোমরা বোকা বানাইয়াছ! হ্যাঁ, হ্যাঁ, তোমরা জেল খাটিয়াছ! চুপি চুপি বলিয়া দিব নাকি, প্রথম শ্রেণীর কয়েদী হিসাবে তোমরা সেদিন কয়েদ মানিয়া লইয়াছিলে কি অভিপ্রায়ে? সত্য বল, গদী পাইবার গোপন ইচ্ছায় নয় কি? দেখ, স্বাধীনতার জন্য যাহারা লড়াই করে নাই, স্বাধীনোত্তর কালের সংকল্প তাহাদের কিছু থাকিতে পারে কি? তাই তোমাদের কোন রাজনৈতিক দলেরই কোন নীতির বালাই নাই। নেতৃত্ব বজায় রাখিতে, দেশবাসীর অর্থে আপনাদিগের সুখ-স্বাচ্ছন্দ্য, বিলাস ব্যসন আদায় করিতে তোমরা রাজনৈতিক নেতা সাজিয়া ব'সয়াছ।

---

## সম্পাদকের পরলোকগমন

বিগত ৪ঠা আশ্বিন বুধবার "কান্দী বান্ধব" সাপ্তাহিক পত্রিকার সুযোগ্য সম্পাদক দেবেন্দ্র-নারায়ণ রায় মহাশয় তাঁহার জেমো ফকিরচক বাসভবনে পরলোকগমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৮৭ বৎসর হইয়াছিল। তিনি বহুদিন সুনামের সহিত কান্দী রাজ হাই স্কুলে শিক্ষকতা করিয়াছেন। তিনি কান্দীর বহু জনহিতকর প্রতিষ্ঠানের সহিত সংশ্লিষ্ট ছিলেন। তিনি মিষ্ট-ভাষী, সদালাপী ও অতিথিবৎসল ব্যক্তি ছিলেন। তাঁহার মৃত্যুতে আমরা স্বজন বিয়োগজনিত ব্যথা অনুভব করিয়া তাঁহার পরলোকগত আত্মার শান্তি কামনা করিতেছি।

---

## মাইলোর গান

॥ সু—মো—দে ॥

('মন যে আমার কেমন কেমন করে' গানের সুরে)

মাইলো খেয়ে পেটটা আমার
কুটুর কুটুর করে,
হাতের গাড়ু হাতেই থাকে
ছুটি শুধু কাছা ধরে।

কাঁচকলা শেষ মাইলো আহার
আমেরিকায় শূকর খাবার,
ভারতবাসী পশুর সমান
খাও গো পরস্পরে;
মাইলো খেয়ে পেটটা আমার
কুটুর কুটুর করে।

উনিশ বছর স্বাধীনতায়
মাইলো খেয়ে পেট ধুলে যায়,
মাইলো জাতির জীয়ন কাঠি
চালের বদল ওরে;
মাইলো খেয়ে পেটটা আমার
কুটুর কুটুর করে।

মাইলো জীবন মাইলো ভজন
মাইলো পূজন মাইলো সাধন,
পটল তুলতে নরনারী খাও
মাইলোটি পেট ভরে;
মাইলো খেয়ে পেটটা আমার
কুটুর কুটুর করে।

---

## যাত্রীগণের উঠানামার অসুবিধা

— —

জঙ্গিপুর রোড রেল ষ্টেশনে সমস্ত ডাউন ট্রেণ বামদিকের প্লাটফরমে দাঁড়াইতেছে। উহাকে প্লাটফরম বলা চলে না। ওখানে উঠানামা করিতে পুরুষরাই নাজেহাল হইতেছেন স্ত্রীলোকদের ত কথাই নাই। রেলকর্ত্তৃপক্ষ অবিলম্বে বামদিকে প্লাটফরম ও ওভার ব্রীজ করার ব্যবস্থা করুন। ট্রেণের যাত্রীগণের দুর্গতি চরমে উঠিয়াছে।

## স্কুলের ছাত্র ছাত্রীরা কি অপরাধ করেছে ?

সহযোগী "ময়ূরাক্ষী"তে শ্রীমিহিরলাল মুখোপাধ্যায় মহাশয় লিখেছেন :—

১০ই সেপ্টেম্বর থেকে বাংলা দেশের বহু স্কুলের ছাত্র-ছাত্রীদের লেখাপড়া সম্পূর্ণ বন্ধ হয়ে আছে। তারা এমন কি অপরাধ করেছে—যে জন্য তাদের স্কুলে পড়া এতদিন ধরে বন্ধ থাকবে ?

রাজায় রাজায় যুদ্ধ—ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ নিয়ে দ্বন্দ্ব বন্ধ করার মত মানুষ বাংলা দেশে নেই। ভারত-পাকিস্তানের লড়াই মিটতে পারে—শিক্ষক ও সরকারী শিক্ষা বিভাগের লড়াই মিটতে পারে না ছাত্র-ছাত্রীদের মুখের দিকে তাকিয়ে ? পাকিস্তানের সৈনাধ্যক্ষ দিল্লীতে এসে ভারতের সৈনাধ্যক্ষের সঙ্গে আলাপ আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত ক'রে গেলেন—সীমান্তে সৈন্য চলাচল পরস্পরকে না জানিয়ে হবে না, দুই সৈনাধ্যক্ষের মধ্যে অতঃপর সরাসরি টেলিফোন যোগাযোগ স্থাপিত হবে। এতখানি মীমাংসাও সম্ভবপর হলো।

বৈঠকে বসলেই মীমাংসার পথ উন্মুক্ত হয়। বিবদমান দুই পক্ষকে এক বৈঠকে বসিয়ে সরকার ও শিক্ষক মণ্ডলীর মধ্যে একটা মীমাংসা করা কিছুই অসম্ভব ব্যাপার নয়। প্রতিদিন আদালতে বাদী ও বিবাদী পক্ষের আর্থিক সঙ্গতি ও দাবী-দাওয়ার শুনানীর পর কত রকম কিস্তি ও আপোষ-রফা হচ্ছে,—আর শিক্ষক ও সরকারের মধ্যে এই "যুদ্ধং দেহি" মনোভাবের মীমাংসা হবে না ? পশ্চিমবঙ্গে শিক্ষাবিদ্ ও প্রভাবশালী ব্যক্তিদের মধ্যে কয়েকজন অবিলম্বে আলোচনা বৈঠকের ব্যবস্থা করুন—নইলে জেদাজেদির এই সংগ্রামে নিরীহ ছাত্রছাত্রীরা অসহায়ভাবে চরম ক্ষতিগ্রস্ত হবে। ক্ষুদ্র সঙ্কট থেকে বৃহৎ সঙ্কট যেন না দেখা দেয়।

কয়েকমাস আগে সরকার হুকুম দিয়ে বাংলা দেশে হাই স্কুলগুলি অনেকদিনের জন্য বন্ধ রেখেছিলেন—শিক্ষকরা স্বেচ্ছায় বন্ধ করেননি। বন্ধের জন্য ছাত্রদের পড়াশুনার ক্ষতি শিক্ষকরা গরমের ছুটিতে স্কুল চালিয়ে পূরণ করে দিয়ে, ছাত্র ও অভিভাবকদের কৃতজ্ঞতা অর্জ্জন করেছিলেন। বর্ত্তমানে শিক্ষকদের কর্ম্মবিরতির মধ্যে কম্পার্টমেন্টাল পরীক্ষায় শিক্ষকগণ গার্ড দেওয়ার কাজ থেকে বিরত হননি। এটা প্রশংসার বিষয়, কর্ম্মবিরতির জন্য ছাত্র-ছাত্রীদের যে কয়দিন স্কুল বন্ধ থাকছে—ছাত্রছাত্রীদের মুখের দিকে তাকিয়ে শিক্ষক শিক্ষিকারা পূজার ছুটি কম নিয়ে ছেলেমেয়ের পড়া পুষিয়ে দিবেন সে বিষয়ে কারও মনে কোন সন্দেহ নেই।

বাংলা দেশের ছাত্রছাত্রীদের মনের একান্ত ইচ্ছা শিক্ষক শিক্ষিকা ও সরকারের মধ্যে দ্বন্দ্বের অবিলম্বে মীমাংসা হোক ; এই সংঘর্ষ যেন আর দীর্ঘস্থায়ী না হয় কিংবা তাদের শিক্ষক-শিক্ষিকারা আরও ঘোরতর সংগ্রামে জড়িয়ে না পড়েন।

ছাত্রছাত্রীদের মুখের দিকে চেয়ে অবিলম্বে একটা আলোচনা বৈঠকের ব্যবস্থা করার মানুষ কি বাংলা দেশে নেই ? বৈঠক বসলেই মীমাংসা হবেই হবে—ছেলেমেয়েরা স্কুলে গিয়ে আবার লেখাপড়ায় লেগে যাবে। একদিনও বৈঠকের দেরী হওয়া ক্ষতিকর।

---

## ট্রেণের সময় পরিবর্ত্তন

নিম্নের সময়ানুযায়ী ২রা অক্টোবর, ১৯৬৬ হইতে ট্রেণসমূহ জঙ্গিপুর রোড রেল ষ্টেশনে চলাচল করিতেছে। এবং ৩১শে মার্চ্চ, ১৯৬৭ পর্য্যন্ত এই সময়ানুসারে চলাচল করিবে।

আপ ট্রেণ ( বারহারোয়া অভিমুখে )

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৪৭নং হাওড়া ফরাক্কা | „ | ৪-৪৫ | „ | ৪-৫০ |
| ৩৭৯নং কাঃ বারহারোয়া | আসে | ৯-৩২ | ছাড়ে | ৯-৪০ |
| ৩৩৩নং হাওড়া ফরাক্কা | „ | ১৫-১১ | „ | ১৫-১৯ |
| ৩৪৫নং হাওড়া বারঃ | „ | ২১-১৬ | „ | ২১-২৫ |
| ৩৩১নং হাওড়া গয়া | „ | ০-৫৮ | „ | ১-০৩ |

ডাউন ট্রেণ ( হাওড়া অভিমুখে )

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৪৮নং ফরাক্কা হাওড়া | আসে | ০-৪৭ | ছাড়ে | ০-৫৭ |
| ৩৪৬ নং বারঃ হাওড়া | „ | ৫-৫৩ | „ | ৬-০৩ |
| ৩৩৪নং ফরাক্কা হাওড়া | „ | ১২-৫৩ | „ | ১৩-০৩ |
| ৫৮০নং বারঃ কাটোয়া | „ | ১৬-০৪ | „ | ১৬-১৪ |
| ৩৩২নং গয়া হাওড়া | „ | ১৭-৫৭ | „ | ১৮-০৫ |

---

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জানানো যাইতেছে যে আমি বিবেকানন্দ ফিসারম্যান কো-অপারেটিভ সোসাইটী লিঃ এর ১-৭-৬৫ তাং হইতে ৩০-৬-৬৬ তাং পর্য্যন্ত "বার্ষিক হিসাব" পরীক্ষা ( Statutory audit ) আগামী ১৪-১০-৬৬ তারিখে আরম্ভ করিব। সকল অংশীদার, পাওনাদার ও দেনদারগণকে অনুরোধ করা হইতেছে, তাঁহারা যেন ৩০-৬-৬৬ তারিখ পর্য্যন্ত সোসাইটীর নিকট নিজ নিজ দেনা-পাওনার এবং অংশের হিসাব মিলাইয়া দেখেন এবং কোনরূপ অসঙ্গতি লক্ষ্য করিলে তাঁহারা নিম্নস্বাক্ষরকারীর সহিত ব্যক্তিগতভাবে আগামী ১৪-১০-৬৬ তারিখের মধ্যে সোসাইটীর অফিসে উপস্থিত হইয়া ঐরূপ অসঙ্গতির কথা জানাইবেন। অন্যথায় সমিতির প্রদর্শিত হিসাবই নির্ভুল বলিয়া গণ্য হইবে।

পৃথকভাবে হিসাবের নির্ভুলতা নির্দ্ধারক-পত্র (Verification slip) দেওয়া হইবে না। ৪-১০-৬৬

( স্বাঃ ) পীরজামাল সেখ
অডিটর, কো-অপারেটিভ সোসাইটিজ, জঙ্গিপুর।

---

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জানানো যাইতেছে যে আমি জঙ্গিপুর কো-অপারেটিভ উইভার্স সোসাইটী লিঃ এর ১-৭-৬৫ তাং হইতে ৩০-৬-৬৬ তাং পর্য্যন্ত "বার্ষিক হিসাব" পরীক্ষা ( Statutory audit ) আগামী ১৬-১০-৬৬ তারিখে আরম্ভ করিব। সকল অংশীদার, পাওনাদার ও দেনদারগণকে অনুরোধ করা হইতেছে, তাঁহারা যেন ৩০-৬-৬৬ তারিখ পর্য্যন্ত সমিতির নিকট নিজ নিজ দেনা-পাওনার এবং অংশের হিসাব মিলাইয়া দেখেন এবং কোনরূপ অসঙ্গতি লক্ষ্য করিলে তাঁহারা নিম্নস্বাক্ষরকারীর সহিত ব্যক্তিগতভাবে আগামী ১৬-১০-৬৬ তারিখের মধ্যে সমিতির অফিসে উপস্থিত হইয়া ঐরূপ অসঙ্গতির কথা জানাইবেন। অন্যথায় সমিতির প্রদর্শিত হিসাবই নির্ভুল বলিয়া গণ্য হইবে।

পৃথকভাবে হিসাবের নির্ভুলতা নির্দ্ধারক-পত্র (Verification slip) দেওয়া হইবে না। ৪-১০-৬৬

( স্বাঃ ) পীরজামাল সেখ
অডিটর, কো-অপারেটিভ সোসাইটিজ, জঙ্গিপুর।





**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

**সি, কে, সেনের**

# আমলা কেশ



**সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ**
**জবাকুসুম হাউস, কলিকাতা-১২**



অম্লের যম **আরকানা** অম্লের যম

অম্লশূল, পিত্তশূল, টক-বমি, অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, লিভার ব্যথা ও যাবতীয় পেটবেদনায় আশু ফলপ্রদ সকল সম্ভ্রান্ত ঔষধালয়ে পাইবেন।

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—*শ্রীননীগোপাল সেন*, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


**প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্ল্যাকবোর্ড এবং *বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি* ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি**

***সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

**রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়**

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
| --- | --- |
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |



## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

***ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের***

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

**কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর**

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



***জঙ্গিপুর সংবাদ*** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)